

PRESS RELEASE



**PRESS RELATIONS DIVISION, Central Office, Post
Box 406, Mumbai 400001
Phone: 2266 0502 Fax: 2266 0358, 2270 3279**

**RESERVE BANK
OF INDIA
RBI On Internet:
<http://www.rbi.org.in>
Email: helpprd@rbi.org.in**

৪ষ্ঠা ফেব্রুয়ারী, ২০০৮

বসবাসকারী ব্যক্তিদের ২৫,০০০ মার্কিন ডলার উদারভাবে প্রেরণের কর্মসূচি

আরও উদার ব্যবস্থার অংশ হিসাবে, লেনদেন কারেন্ট অ্যাকাউন্ট-এ হয়েছে না ক্যাপিটাল একাউন্টে এই পার্থক্যবিচার না করে একই বছরে বসবাসকারীদের ২৫,০০০ মার্কিন ডলার প্রেরণ করার অনুমতি দেওয়া হবে। এর জন্য রিজার্ভ ব্যাংক একটি কর্মসূচি প্রস্তুত করছেন।

এই কর্মসূচি অনুসারে সমস্ত বসবাসকারী ব্যক্তি সুযোগ সুবিধা গ্রহণ করতে পারবেন। এই সুযোগের সাহায্যে যে কোন কারেন্ট বা ক্যাপিটাল অ্যাকাউন্ট-এ অথবা যৌথভাবে একই বছরের ভিত্তির ২৫,০০০ ইউ.এস.ডলার অবধি প্রেরণ করা যাবে। এই সুযোগের সাহায্যে বসবাসকারী ব্যক্তিরা স্বাধীনভাবে স্থাবর সম্পত্তি অথবা শেয়ার অথবা ভারতবর্ষের বাইরে অন্য যে কোনও সম্পত্তি, রিজার্ভ ব্যাংকের পূর্ব অনুমোদন ছাড়াই ক্রয় করতে ও নিজের কাছে রাখতে পারবেন। সকলে ব্যক্তিগত ভাবে এই কর্মসূচি অনুযায়ী প্রেরণের জন্য ভারতবর্ষের বাইরের কোনও ব্যাংক-এ বিদেশী মুদ্রায় অ্যাকাউন্ট খুলতে এবং বজায় রাখতে পারবেন, রিজার্ভ ব্যাংক-এর পূর্ব অনুমোদন ছাড়াই। এই কর্মসূচীর সঙ্গে সংযুক্ত অথবা অর্থ প্রেরণের কারণে ঘটিত যে কোনও লেনদেনের জন্য ওই বিদেশী মুদ্রা অ্যাকাউন্ট ব্যবহার করা যাবে।

ব্যক্তিগত ভ্রমণ, ব্যবসা সংক্রান্ত ভ্রমণ, উপহারের জন্য টাকাকড়ি প্রেরণ, দান, পড়াশুনা, চিকিৎসা ইত্যাদির বর্তমানে উপলব্ধ সুযোগগুলির ছাড়াও এই কর্মসূচীর সুযোগগুলি অতিরিক্ত। এই সুযোগের সাহায্যে অবশ্য সেইসব করেন্ট অ্যাকাউন্ট-এর লেনদেন করা যাবে না যেইগুলি এফ.ই.এম.এ.-র খাতে বিশেষভাবে নিষিদ্ধ বা নিয়ন্ত্রিত, যেমন, লটারী/সুইপ ক্রয়, বেআইনি ম্যাগাজিন ইত্যাদি। এই কর্মসূচী অনুযায়ী ভূটান, নেপাল, মরিশাস বা পাকিস্তানের সঙ্গে ও অন্যান্য দেশগুলির সঙ্গে যেই দেশগুলিকে ফাইনানশিয়াল একশন টাক্ষ ফোর্স (এফ.এ.টি.এফ.) “অসহযোগী দেশ বা সীমানা” বলে চিহ্নিত করেছে, অথবা রিজার্ভ ব্যাংক দ্বারা আলাদা ভাবে ব্যাংকদের উপদেশ দেওয়া সেইসব অধিক ঝুঁকিসম্পন্ন ব্যক্তি বা সত্ত্বদের সঙ্গে লেনদেন করা যাবে না।

আবেদনকারীদের প্যান (PAN) নং দিতে হবে ও অনুমোদিত ডিলার (এ.ডি) ব্যাংক কে প্রতিপন্থ করতে হবে যে প্রেরিত অর্থ তাদের। আশা করা যায় যে এ.ডি. ব্যাংকগুলি এই সুযোগ অনুমোদন করার আগে নো ইওর কাস্টমার (কে.ওয়াই.সি.) সহ প্রাহকের বিষয়ে প্রয়োজনীয় অনুসন্ধানাদি করবেন ও হাওলা প্রতিরোধী নির্দেশাদি মেনে চলবেন।

কর্মসূচীটি এই মুহূর্ত থেকে কার্যকরী হবে।

অজিত প্রসাদ
ম্যানেজার

প্রেস বিজ্ঞপ্তি: 2003-2004/942